রূপমের গানে 'বিয়ন্ড বিলিফ'

গত শনিবার কলকাতার জিডি বিড়লা সভাঘরে ৮০ মিনিটের একটি সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করলেন সেইসব মানুষ, যারা আমার আপনার মতো সুস্থ সবল মানুষদের থেকে অনেকটাই পিছিয়ে, তারা কোনো না কোনোভাবে প্রতিবন্ধী। কিন্তু অসীম মানসিক বল এবং ধৈর্যের গুণে এরা বিশেষভাবে পারদর্শী। এরা অচিন্তনীয়, তাই 'বিয়ন্ড বিলিফ' সংস্থাটি পাঁচ বছরের মধ্যেই ১২টি আন্তর্জাতিক পুরস্কার অর্জন করেছে। অনুষ্ঠানের সূচনায় মার্কিন কনসাল জেনারেল ডিন থম্পসন তার বক্তব্যে শুভেচ্ছা জানালেন এদের প্রতি। অন্নদাশংকরের ছড়া 'আলাদিন'-এর আশ্চর্য প্রদীপের মতো এঁরা এঁদের জ্বলে ওঠার দৃশ্য পরিবেশন করলেন অত্যন্ত নিখুঁতভাবে। গায়ক রূপম ইসলামের গানের কম্পোজিশনে এদের নৃত্যানুষ্ঠান একটা আলাদা মাত্রা পেল। ৮০ মিনিটের সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্য দিয়ে এরা প্রমাণ করলেন যে, এরা সত্যিই 'অচিন্তনীয়'। 'সুকৃতি ফাউন্ডেশন'-এর সবসময়ের সঙ্গী 'বিয়ন্ড বিলিফ'।